

আমার অনেক ঢের ফুল চাই

ভাষান্তর : অর্ধেন্দু চত্রবর্তী

যারা মৃত্যু বরণ করবে তাদের পায়ে দিতে,  
রাস্তার লাশের মুখ লুকোবার জন্যে  
ফুলের মেলা হোক পুরো একটি বছর  
এধি নামের লোকটার বাড়ির সামনে,  
বে-ওয়ারিশ মৃতজন --- যাদের  
গোর দেওয়া হয়েছে পুলিশি গোরস্থানে  
তাদের জন্যে।

ভারি সুন্দর ব্যালকনিতে ফোটা ফুলের গুচ্ছ চাই  
বাসস্টপের সামনে  
যে মেয়েটা গুলি খেল  
তার জন্যে চাই আকাশ নীল ফুল,  
বিকৃত হয়ে গেছে যে মুখের অবয়ব  
তাকে মুখে ফিরিয়ে আনতে

যারা জখম হয়ে পড়ে আছে  
সেইসব হাসপাতালে  
যেখানে জাপানি বা অন্যদেশি রক গার্ডেঙ্গ নেই তাদের জন্যে, যেহেতু  
তাদের আর্ধেকই মারা যাবে,  
রাস্তিরে যে ফুল ফোটে  
সেই ফুলের আস্ত একটা জঙ্গল চাই  
যারা ফায়ারিং - এর শব্দে কিছুতেই ঘুমোতে পারে না  
তাদের জন্যে  
আমার ঢের ফুল চাই  
একটি বে-ইজ্জত করা মেয়েকে দাফন করতে।

যারা অনেকরকম ঘন্টিতে নাচে  
তাদের কাছ থেকে গোট শহরকে লুকোবার জন্যে।



আফজল আহমদ সৈয়দ

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com